সমকাল

তারিখ: 04 AUG. 2016
পৃষ্ঠা: ২২ কলাম: ৪

ASIAN UNIVERSITY FOR WOMEN

# নারীর উচ্চশিক্ষায় এইউডব্লিউ

ফারহাত আহমেদ

শিক্ষিত নারী দেশ ও সমাজের জন্য কল্যাণ বয়ে আনে। প্রতিবন্ধকতা জয় করে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে জীবনকে উপলব্ধি করার সুযোগ তৈরিতে নারীদের এগিয়ে নিয়ে যেতে কাজ করছে এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন ও মেটলাইফ ফাউন্ডেশন। উচ্চশিক্ষা গ্রহণের জন্য বাংলাদেশে চট্টগ্রামের এই আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে বিশ্বের ১৪টি দেশের বিভিন্ন বয়সী শিক্ষার্থীরা এসেছেন।

ক্যাথলিন ফ্যারিয়ারের তত্ত্বাবধানে দি লিডারশিপ ওয়ার্কশপ এবং গ্লোবাল এডুকেশন ও লিডারশিপ ফাউন্ডেশন কোর্স শিক্ষার্থীদের বেশি আত্মবিশ্বাসী করে তুলেছে। দেশের বাইরে থেকে যারা পড়তে আসছেন তাদের জন্য শুরুটা কঠিন হলেও পরবর্তীতে নিজেদের সঠিক শিক্ষায় গড়ে তুলতে পারেন তারা। এবং এই শিক্ষাটাই দেশে অন্য মেয়েদের মধ্যেও ছড়িয়ে দেয়ার চেষ্টা করেন।

এশিয়া ও মধ্যপ্রাচ্য থেকে বাংলাদেশে চট্টগ্রামের এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনে পড়তে আসা অনেক শিক্ষার্থীই সাগুফার মতো নানারকম প্রতিবন্ধকতার মধ্য দিয়ে যান। এসব শিক্ষার্থী এইউডব্লিউর প্রি-কলেজিয়েট ব্রিজ প্রোগ্রাম 'অ্যাকসেস একাডেমি' সম্পন্ন করে প্রস্তুত হয়ে ওঠেন ভবিষ্যতের সব প্রতিবন্ধকতা জয় করতে। আমেরিকান শিক্ষা পদ্ধতি অনুসরণে শিক্ষা গ্রহণ করার মাধ্যমে এইউডব্লিউর শিক্ষার্থীরা শুধু জটিল ও যুক্তিসঙ্গত চিন্তা করার অভিজ্ঞতাই অর্জন করেন না, সে সঙ্গে উন্নত ও বিশ্বমানের শিক্ষা গ্রহণের মাধ্যমে নিজেদের ভবিষ্যৎও আলোকিত করতে সক্ষম হন।

বিশ্ববিদ্যালয়ে আমেরিকান স্টাইলে লিবারেল আর্টস পাঠ্যক্রম অনুযায়ী শিক্ষায় দক্ষতা অর্জনে 'অ্যাকসেস একাডেমি' প্রোগ্রাম অত্যন্ত সহায়ক। এক্ বছরের এ প্রোগ্রামটি শিক্ষার্থীদের মধ্যে শিক্ষাগত, সামাজিক এবং সাংস্কৃতিক দিক থেকে দক্ষতার শক্ত ভিত গড়ে তোলে। ইংরেজি ভাষা, গণিত এবং কম্পিউটার শিক্ষা গ্রহণের ক্ষেত্রেও 'একসেস একাডেমি' প্রোগ্রামটি তরুণ নারী শিক্ষার্থীদের জটিল চিন্তাশীল ব্যক্তি, দৃঢ়, আত্মবিশ্বাসী, কার্যকর যোগাযোগকারী এবং বিশ্বব্যাপী সম্প্রদায়ের সচেতন নাগরিক হিসেবে গড়ে তুলতে সহায়তা করে।

উচ্চশিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে দক্ষ নারী জনশক্তি গড়ে তোলার লক্ষ্য নিয়ে ২০০৮ সালে যাত্রা শুরু করে এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন। শুরু থেকেই মেধাবী তরুণ নারী শিক্ষার্থীদের জন্য বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করে এইউডব্লিউ। সম্প্রতি 'অ্যাকসেস একাডেমি' প্রোগ্রামটিকে আরও বেশি কার্যকর করার লক্ষ্যে এইউডব্লিউ'কে সহায়তা করছে মেটলাইফ ফাউন্ডেশন। আন্ডার গ্র্যাজুয়েশনে পড়ার ক্ষেত্রে মেয়েদের মানসিক শক্তি বাড়িয়ে তোলা এবং নানা প্রতিবন্ধকতা কাটিয়ে ওঠার মতো করে গড়ে তোলার কাজে 'অ্যাকসেস একাডেমি' প্রোগ্রামে এইউডব্লিউ'কে সহায়তা করবে মেটলাইফ ফাউন্ডেশন। প্রতিষ্ঠান দুটি একসঙ্গে কাজ করলে বিশ্বমানের উচ্চশিক্ষা গ্রহণে নারীরা সব ধরনের বাধা উপেক্ষা করতে অনেকটা সক্ষম হবে।

এইউডব্লিউ যেখানে সামাজিকভাবে সুবিধাবঞ্চিত নারী শিক্ষার্থীদের নিয়ে কাজ করছে সেখানে মেটলাইফ ফাউন্ডেশন সুষ্ঠু শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে বিপুলসংখ্যক নারীর জীবন পরিবর্তনে দায়িত্ব পালন করতে চায়। বিভিন্ন ধরনের কর্মকাণ্ড আয়োজনের মাধ্যমে মেটলাইফ ফাউন্ডেশন এবং এইউডব্লিউ সুবিধাবঞ্চিত নারী শিক্ষার্থীদেরও উন্নত শিক্ষায় শিক্ষিত হতে এবং বিশ্বব্যাপী জ্ঞানের পরিধি বাড়ানোর লক্ষ্যে সহায়তা করবে। নারীদের শিক্ষা গ্রহণের সুযোগ তৈরির লক্ষ্যে এইউডব্লিউ এবং মেটলাইফ ফাউন্ডেশন বুদ্ধিবৃত্তিক সম্পদ ব্যবহারের মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠা এবং উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চত করতে আশাবাদী।